

বাংলাদেশ রসায়ন সমিতি আয়োজিত
দ্বাদশ বাংলাদেশ রসায়ন অলিম্পিয়াড ২০২১

প্রিলিমিনারি পরীক্ষা: ১৪ জানুয়ারি ২০২৩, শনিবার সকাল ১০:০০ টা
চূড়ান্ত পরীক্ষা: ২৮ জানুয়ারি ২০২৩, শনিবার, সকাল ১০:০০ টা

তারিখ: ১২ ডিসেম্বর ২০২২ খ্রি:

রেজিস্ট্রেশন সংক্রান্ত তথ্য সমূহ

অত্যন্ত আনন্দের সাথে জানাচ্ছি দ্বাদশ বাংলাদেশ রসায়ন অলিম্পিয়াড আগামী বছর জানুয়ারি মাসে অনুষ্ঠিত হতে যাচ্ছে। হাইব্রিড মোডে আয়োজিত এ প্রতিযোগিতায় সারাদেশের অগ্রহী প্রার্থী একটিমাত্র Google Form Link এর মাধ্যমে রেজিস্ট্রেশন সম্পন্ন করবে এবং প্রতিযোগিতায় অংশগ্রহণের জন্য ১০০/- (একশত) টাকা রেজিস্ট্রেশন ফি বাবদ bKash অথবা নগদে প্রদান করতে হবে।

এ প্রতিযোগিতায় চূড়ান্তভাবে নির্বাচিত শিক্ষার্থীবৃন্দ থেকে বাছাইকৃতরা (শীর্ষ ০৪ জন) আগামী বছর সুইজারল্যান্ডে (2023, July 16-25, Zurich, Switzerland) অনুষ্ঠিত আন্তর্জাতিক রসায়ন অলিম্পিয়াডে (55th) অংশগ্রহণের সুযোগ পাবে।

উল্লেখ্য, ১০ম বাংলাদেশ অলিম্পিয়াড-২০১৯ থেকে বাছাইকৃত শীর্ষ ০৪ (চার) জন প্রতিযোগী ২০২১ সালের আন্তর্জাতিক রসায়ন অলিম্পিয়াডে (53rd, 2021, July 25-August 2, Osaka, Japan) প্রথমবারের মতো অংশগ্রহণ করেছিল।

বাংলাদেশ রসায়ন অলিম্পিয়াডে অংশগ্রহণের শর্তসমূহ:

- একাদশ/দ্বাদশ শ্রেণি এবং এ/ও লেভেল এর শিক্ষার্থীবৃন্দ
- ১লা জুলাই ২০২৩ সালে যাদের বয়স ২০ (বিশ) বছরের কম।

সিলেবাস ও পরীক্ষা পদ্ধতি:

- একাদশ/দ্বাদশ শ্রেণি এবং এ/ও লেভেল এর সিলেবাস (Physical, Inorganic, Organic, Analytical, Biochemistry, Spectroscopy)
- পুরানো বছরের প্রশ্নপত্র পাওয়া যাবে: <http://www.facebook.com/bdcho2020>
- প্রিলিমিনারি পর্বে MCQ পদ্ধতিতে এবং চূড়ান্ত পর্বে লিখিত পরীক্ষা অনুষ্ঠিত হবে।

নিবন্ধন পদ্ধতি:

- অনলাইনে গুগল ফর্মের <https://forms.gle/3FTNvxHx4TiW36> লিঙ্কে অথবা bit.ly/12BCO2021 লিঙ্কে নিবন্ধন করা যাবে এবং
- <https://www.facebook.com/bdcho2021> ফেইসবুক পেইজে নিবন্ধনের বিস্তারিত তথ্য পাওয়া যাবে।
- অংশগ্রহণকারীদের নিবন্ধনের জন্য অবশ্যই ব্যক্তিগত gmail account থাকতে হবে।
- ১৫ ডিসেম্বর ২০২২ রোজ বৃহস্পতিবার রাত ১২:০১ মিনিট থেকে ৩০ ডিসেম্বর ২০২২ রোজ শুক্রবার রাত ১১:৫৯ মিনিট পর্যন্ত অনলাইনে প্রদত্ত লিঙ্ক সমূহে নিবন্ধন করা যাবে।

পরীক্ষা সংক্রান্ত তথ্যাবলী:

- প্রিলিমিনারি পরীক্ষা আগামী ১৪ জানুয়ারি ২০২৩ রোজ শনিবার সকাল ১০:০০ ঘটিকায় অনলাইনে অনুষ্ঠিত হবে।
- চূড়ান্ত পর্বের পরীক্ষা আগামী ২৮ জানুয়ারি ২০২৩ রোজ শনিবার সকাল ১০:০০ ঘটিকায় অনুষ্ঠিত হবে।

বিস্তারিত তথ্য:

দ্বাদশ বাংলাদেশ অলিম্পিয়াড সংক্রান্ত বিস্তারিত তথ্যের জন্য অলিম্পিয়াডের ফেইস বুক পেইজে (<https://www.facebook.com/bdcho2021>) নিয়মিত চোখ রাখুন।

রেজিস্ট্রেশন সংক্রান্ত যোগাযোগ:

অধ্যাপক ড. মুহাম্মদ লোকমান হোসেন, আহ্বায়ক, রেজিস্ট্রেশন উপ-কমিটি

১২তম বাংলাদেশ রসায়ন অলিম্পিয়াড ২০২১

E-mail: lokmanchemju@yahoo.com; lokman@chem.jnu.ac.bd

২০০৭ সাল থেকে এ পর্যন্ত বাংলাদেশে ১১টি রসায়ন অলিম্পিয়াড অনুষ্ঠিত হয়েছে। এবারের আয়োজন দ্বাদশ (১২তম) আসর। প্রতিটি রসায়ন অলিম্পিয়াডে সারাদেশ থেকে একাদশ/দ্বাদশ এবং ও/এ লেভেল শ্রেণির শিক্ষার্থীবৃন্দ অংশগ্রহণ করে তাদের যোগ্যতা প্রদর্শন করেছে। অলিম্পিয়াডে অংশগ্রহণের মধ্য দিয়ে শিক্ষার্থীরা রসায়ন অধ্যয়ন ও রসায়ন বিজ্ঞানের ব্যাপক পরিমণ্ডল সম্পর্কে প্রত্যক্ষ জ্ঞান অর্জনের সুযোগ লাভ করে।

আমরা দৃঢ়ভাবে বিশ্বাস করি আপনার প্রতিষ্ঠানের মেধাবী শিক্ষার্থীবৃন্দ এই প্রতিযোগিতায় অংশগ্রহণ করে রসায়ন বিশ্বের সাথে নিজেকে পরিচিত করার সুযোগ লাভ করবে এবং একই সাথে নিজেদের যোগ্যতা প্রমাণে সুন্দর ক্ষেত্র খুঁজে পাবে।

বাংলাদেশ রসায়ন অলিম্পিয়াডের এই আয়োজনে আপনার প্রতিষ্ঠানের একাদশ ও দ্বাদশ শ্রেণির শিক্ষার্থীবৃন্দের অংশগ্রহণের (ভার্চুয়াল) সুযোগ সৃষ্টির জন্য আপনার সদয় অনুমতি, সহযোগিতা ও মূল্যবান পরামর্শ কামনা করি।

বিনীত

অধ্যাপক ড. শামছুন নাহার

(Prof. Dr. Shamsun Naher)

Convener

National Committee for

12th Bangladesh Chemistry Olympiad 2021, Bangladesh

Chairman

Department of Chemistry

Jagannath University

Mobile: 01720250388, E-mail: shamsunnaher2002@gmail.com